


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
**www.bpsc.gov.bd**

# নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.৩০১.৭৩.০০১.১৯-২৪০

তারিখ ঃ ২৪ অগ্রহায়ণ ১৪২৬ / ০৯ ডিসেম্বর ২০১৯

**বিজ্ঞপ্তি নম্বর (৭৭-১০৩)/(উচ্চতর বেতন স্কেল)**

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা নিম্নলিখিত উচ্চতর বেতন স্কেলের পদসমূহে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করছেন ঃ

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যুনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৭৭ ইউনিট-২ | **অধ্যাপক (কারিগরি)** [৩য় গ্রেড] ০৬ [ছয়]টি অস্থায়ী পদ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ | টাকা-৫৬,৫০০-৭৪,৪০০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | ক. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে পিএইচডি ডিগ্রি; অথবা<br>খ. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। | অন্যূন ১২ (বার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা; অথবা<br>১০ (দশ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। | ৩২০ | সর্বোচ্চ ৪৫ বৎসর |

ক্রমশ/২

বিডিনিয়োগ.কম
হাতের মুঠোয় নিয়োগ পরীক্ষার সকল তথ্য

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৭৮ ইউনিট-৬ | **প্রিন্সিপাল অফিসার** [৩য় গ্রেড] ০১ [এক] টি স্থায়ী পদ | নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌপরিবহন অধিদপ্তরের আওতাধীন নৌবাণিজ্য দপ্তর | টাকা-৫৬,৫০০-৭৪,৪০০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | Extra Master with 2 years' experience as Master and 3 years' experience in the line in Government or Autonomous Organisation (Total 12 years' post certificate experience after 2nd Mate);<br>OR<br>Master's (FG) Certificate with 2 years' as Master and 5 years' experience in the line in Government or Autonomous Organisation (Total 12 years' post certificate experience after 2nd Mate);<br>OR<br>Extra 1st Class Engineer with 2 years' as Chief Engineer and 3 years' experience in the line in Government or Autonomous Organisation (Total 10 years' post certificate experience after 2nd Class Engineer);<br>OR<br>1st Class Engineer with 2 years' experience as Chief Engineer and 5 years' experience in the line in Government or Autonomous Organisation (Total 10 years' post certificate experience after 2nd Class Engineer); | - | ৩১১ | সর্বোচ্চ ৪৭ বৎসর। |
| ক্রমিক নম্বর-৭৯ ইউনিট-০৬ | **ঊর্ধ্বতন নৌ-প্রশিক্ষক** [৪র্থ গ্রেড] ০১ [এক] টি স্থায়ী পদ | নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম | টাকা-৫০,০০০-৭১,২০০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | ১. মাষ্টার মেরিনার সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোনো ডিগ্রি বা সমমানের সার্টিফিকেট;<br>অথবা<br>২. মাষ্টার মেরিনার সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | ১. ডিগ্রিসহ সার্টিফিকেট প্রাপ্তির পর বিদেশগামী জাহাজে নায়ক [ক্যাপ্টেন] হিসাবে কমপক্ষে ২ বৎসরের চাকুরি;<br>অথবা<br>২. সার্টিফিকেট প্রাপ্তির পর ০৪ বৎসরের অভিজ্ঞতা; তন্মধ্যে বিদেশগামী জাহাজের নায়ক [ক্যাপ্টেন] হিসাবে কমপক্ষে ০২ বৎসরের চাকুরি।<br>সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতার অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে। | ৩১১ | সর্বোচ্চ ৪৫ বৎসর। |

ক্রমশ/৩

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৮০ ইউনিট-১১ | **সিস্টেম এনালিস্ট** [৫ম গ্রেড] ০২ [দুই] টি স্থায়ী পদ | নির্বাচন কমিশন সচিবালয় | টাকা-৪৩,০০০-৬৯,৮৫০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ক. কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসাবে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরি।<br>খ. কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>গ. সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোনো উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। | ১১৪<br>৩২৪<br>৩০৬<br>১৩২ | সর্বোচ্চ ৪০ বৎসর |
| ক্রমিক নম্বর-৮১ ইউনিট-৮ | **সিস্টেম এনালিস্ট** [৫ম গ্রেড] ০১ [এক] টি স্থায়ী পদ | কৃষি মন্ত্রণালয় | টাকা-৪৩,০০০-৬৯,৮৫০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ক. কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসাবে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরি।<br>খ. কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>গ. সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোনো উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। | ১১৪<br>৩২৪<br>৩০৬<br>১৩২ | সর্বোচ্চ ৪০ বৎসর |
| ক্রমিক নম্বর-৮২ ইউনিট-৬ | **সিস্টেম এনালিস্ট** [৫ম গ্রেড] ০১ [এক] টি অস্থায়ী পদ | নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌপরিবহন অধিদপ্তর | টাকা-৪৩,০০০-৬৯,৮৫০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ক. কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসাবে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরি।<br>খ. কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>গ. সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোনো উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। | ১১৪<br>৩২৪<br>৩০৬<br>১৩২ | সর্বোচ্চ ৪০ বৎসর |

ক্রমশ/৪

বিডিনিয়োগ.কম হাতের মুঠোয় নিয়োগ পরীক্ষার সকল তথ্য

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৮৩ ইউনিট-৭ | **সিস্টেম এনালিস্ট**<br>[৫ম গ্রেড]<br>০১ [এক] টি অস্থায়ী পদ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | টাকা-৪৩,০০০-৬৯,৮৫০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ক. কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসাবে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরি।<br>খ. কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>গ. সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোনো উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। | ১১৪<br>৩২৪<br>৩০৬<br>১৩২ | সর্বোচ্চ ৪০ বৎসর |
| ক্রমিক নম্বর-৮৪ ইউনিট-০২ | **সহযোগী অধ্যাপক (কারিগরি)**<br>[৫ম গ্রেড]<br>০৩ [তিন] টি অস্থায়ী পদ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ | টাকা-৪৩,০০০-৬৯,৮৫০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | ক. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে পিএইচডি ডিগ্রি;<br>অথবা<br>খ. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। | সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতায় অন্যূন ০৯ (নয়) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতায় অন্যূন ১২ (বার) বৎসরের অভিজ্ঞতা। | ৩২০ | সর্বোচ্চ ৪০ বৎসর |
| ক্রমিক নম্বর-৮৫ ইউনিট-০৬ | **নৌ-প্রশিক্ষক**<br>[গ্রেড-৫]<br>০৩ [তিন] টি স্থায়ী পদ | নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম | টাকা-৪৩,০০০-৬৯,৮৫০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | ১. মাষ্টার মেরিনার সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোনো ডিগ্রীসহ বা সমমানের সার্টিফিকেট ও ডিগ্রি<br>অথবা<br>২. মাষ্টার মেরিনার সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট;<br>অথবা<br>৩. দ্বিতীয় শ্রেণির ডেক যোগ্যতা সনদ। | ১. বিদেশগামী জাহাজের নায়ক [ক্যাপ্টেন] হিসাবে কমপক্ষে ২ বৎসরের চাকুরি।<br>অথবা<br>২. সার্টিফিকেট প্রাপ্তির পর ০৩ বৎসরের অভিজ্ঞতা তন্মধ্যে বিদেশগামী জাহাজের নায়ক [ক্যাপ্টেন] হিসাবে কমপক্ষে ০২ বৎসরের চাকুরি।<br>অথবা<br>৩. ০৫ বৎসরের চাকুরি। | ৩১১ | সর্বোচ্চ ৪৫ বৎসর। |

ক্রমশ/৫

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৮৬ ইউনিট-০৬ | **প্রকৌশলী-প্রশিক্ষক** [গ্রেড-৫] ০১ [এক] টি স্থায়ী পদ | নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম | টাকা-৪৩,০০০-৬৯,৮৫০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | ১.প্রথম শ্রেণির প্রকৌশল সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোনো ডিগ্রি বা সমমানের সার্টিফিকেট বা ডিগ্রি;<br>অথবা<br>২. প্রথম শ্রেণির মেরিন প্রকৌশল বা সমমানের সার্টিফিকেট;<br>অথবা<br>৩. দ্বিতীয় শ্রেণির মেরিন প্রকৌশল বা সমমানের সার্টিফিকেট (মোটরসহ)। | ১.বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ০২ বৎসরের চাকুরি;<br>অথবা<br>২.সার্টিফিকেট প্রাপ্তির পর ০৩ বৎসরের অভিজ্ঞতা; তন্মধ্যে বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ০২ বৎসরের চাকুরি;<br>অথবা<br>৩. ০৫ বৎসরের চাকুরি। | ৩১১ | সর্বোচ্চ ৪৫ বৎসর। |
| ক্রমিক নম্বর-৮৭ ইউনিট-০৯ | **সহযোগী অধ্যাপক ০২টি (সিভিল ইঞ্জিনিয়ারিং-১টি, ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-১টি)** [৫ম গ্রেড ] অস্থায়ী পদ | শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ | টাকা-৪৩,০০০-৬৯,৮৫০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।<br>**অথবা**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি ডিগ্রি<br><br>তবে শর্ত থাকে যে, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সকল স্তরে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকতে হবে। | অন্যূন ৬ (ছয়) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ ১২ (বার) বৎসরের পেশাগত অভিজ্ঞতা<br>সহকারী অধ্যাপক হিসাবে অন্যূন ৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ অন্যূন ৯(নয়) বৎসরের পেশাগত অভিজ্ঞতা: | ৩০৩<br>৩০৬ | সর্বোচ্চ ৪০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |
| ক্রমিক নম্বর-৮৮ ইউনিট-১১ | **রক্ষণাবেক্ষণ প্রকৌশলী** [৬ষ্ঠ গ্রেড] ০১ [এক] টি স্থায়ী পদ | নির্বাচন কমিশন সচিবালয় | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ক.কোনো সরকারি /স্বায়ত্তশাসিত /আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী/ সহকারী প্রোগ্রামার/সিনিয়র কম্পিউটার অপারেটর হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরি<br>এবং<br>খ. কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | **১১৪<br>৩২৪<br>৩০৬<br>১৩২** | সর্বোচ্চ ৩৫ বৎসর |

ক্রমশ/৬

বিডিনিয়োগ.কম
হাতের মুঠোয় নিয়োগ পরীক্ষার সকল তথ্য

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৮৯ ইউনিট-১০ | **রক্ষণাবেক্ষণ প্রকৌশলী** [৬ষ্ঠ গ্রেড] ০১ [এক] টি অস্থায়ী পদ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন মূদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ক.কোনো সরকারি /স্বায়ত্তশাসিত /আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী/ সহকারী প্রোগ্রামার/সিনিয়র কম্পিউটার অপারেটর হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরি<br>এবং<br>খ. কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১১৪<br>৩২৪<br>৩০৬<br>১৩২ | সর্বোচ্চ ৩৫ বৎসর |
| ক্রমিক নম্বর-৯০ ইউনিট-১০ | **প্রোগ্রামার** [৬ষ্ঠ গ্রেড] ০১ [এক] টি অস্থায়ী পদ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন মূদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ক.কোনো সরকারি /স্বায়ত্তশাসিত /আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরি<br>এবং<br>খ. কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১১৪<br>৩২৪<br>৩০৬<br>১৩২ | সর্বোচ্চ ৩৫ বৎসর |

ক্রমশ/৭

বিডি নিয়োগ.কম হাতের মুঠোয় নিয়োগ পরীক্ষার সকল তথ্য

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৯১ ইউনিট-২ | **উপ-প্রধান বয়লার পরিদর্শক** [৬ষ্ঠ গ্রেড] ০৭ [সাত] টি অস্থায়ী পদ | শিল্প মন্ত্রণালয়ের প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। | নিম্নে বর্ণিত বিষয়সমূহে অন্যূন ০৭ (সাত) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে; যথাঃ-<br>১. সকল প্রকার বয়লারের কাজ এবং বয়লারের সকল ফিটিংস ও একসেসরিজ এর কাজের উপর অভিজ্ঞতা;<br>২. বয়লার রেগুলেশন অনুযায়ী নির্ভুলভাবে বয়লারের কার্যকরী চাপ নির্ধারণের বিষয়ে অভিজ্ঞতা;<br>৩. বয়লার তৈরির বিষয়ে অভিজ্ঞ এবং বয়লার তৈরির ব্যবহৃত মেটেরিয়ালের উপর অভিজ্ঞতা;<br>৪. বয়লার তৈরিতে ব্যবহৃত মেটেরিয়ালের শক্তির সম্পর্কে অভিজ্ঞতা;<br>৫. বয়লারের ক্রটি এবং ক্রটির কারণ ও উহার প্রতিকার সম্পর্কে অভিজ্ঞ এবং বয়লারের ক্ষয় ও স্কেল প্রতিরোধের জন্য ফিড ওয়াটার শোধনের বিষয়ে অভিজ্ঞতা;<br>৬. ড্রইং স্কেচ অনুযায়ী বয়লারের পরিমাপ নির্ধারণ করার বিষয়ে অভিজ্ঞতা;<br>৭. প্রস্তুতকারীর পরিমাপ অনুযায়ী নতুন ও পুরাতন বয়লারের শক্তি হিসাব নির্ণয়ের বিষয়ে অভিজ্ঞতা;<br>৮. বয়লার ডিজাইন ও তৈরির কাজে অভিজ্ঞতা। | ৩১২ | ৩০ থেকে ৪০ বৎসর |

ক্রমশ/৮

বিডিনিয়োগ.কম
হাতের মুঠোয় নিয়োগ পরীক্ষার সকল তথ্য

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৯২ ইউনিট-০৮ | **প্রোগ্রামার** [৬ষ্ঠ গ্রেড] ০১ [এক] টি অস্থায়ী পদ | কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি বিপণন অধিদপ্তর | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | ক. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>অথবা<br>খ. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। | কোনো প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট কাজে ০৪ (চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>অথবা<br>কোনো প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | ১১৪<br>৩০৪<br>৩২৪<br>১৩২ | সর্বোচ্চ ৩৫ বৎসর |
| ক্রমিক নম্বর-৯৩ ইউনিট-১১ | **প্রোগ্রামার** [৬ষ্ঠ গ্রেড] ০৪ [চার] টি স্থায়ী পদ | নির্বাচন কমিশন সচিবালয় ও নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ক. কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরি;<br>এবং<br>খ. কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১১৪<br>৩০৬<br>৩২৪<br>১৩২ | সর্বোচ্চ ৩৫ বৎসর |
| ক্রমিক নম্বর-৯৪ ইউনিট-০৮ | **প্রোগ্রামার** [৬ষ্ঠ গ্রেড] ০১ [এক] টি স্থায়ী পদ | কৃষি মন্ত্রণালয় | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ক. কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরি;<br>এবং<br>খ. কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১১৪<br>৩০৬<br>৩২৪<br>১৩২ | সর্বোচ্চ ৩৫ বৎসর |

ক্রমশ/৯



বিডি নিয়োগ.কম

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৯৫<br>ইউনিট-০২ | **সুপারিনটেনডেন্ট**<br>[৬ষ্ঠ গ্রেড]<br>০৪ [চার] টি<br>স্থায়ী পদ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা<br>টেক্সটাইল টেকনোলজিতে ০৪ (চার) বৎসর মেয়াদি ন্যূনতম প্রথম শ্রেণির স্নাতক ডিগ্রি।<br><br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। | সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৫ (পাঁচ) বছরের কর্ম অভিজ্ঞতা। | ৩২০ | সর্বোচ্চ ৩৫ বৎসর |
| ক্রমিক নম্বর-৯৬<br>ইউনিট-০২ | **সহকারী অধ্যাপক (ফ্যাশন এন্ড ডিজাইন)**<br>[৬ষ্ঠ গ্রেড]<br>০২ [দুই] টি<br>অস্থায়ী পদ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | ক. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে স্নাতক ডিগ্রিসহ ফ্যাশন এন্ড ডিজাইনে পিএইচডি ডিগ্রি;<br>অথবা<br>টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে স্নাতক ডিগ্রিসহ ফ্যাশন এন্ড ডিজাইনে স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>টেক্সটাইল টেকনোলজিতে (স্পেশিয়ালাইজেশন ইন গার্মেন্টস/ ফ্যাশন ডিজাইন) প্রথম শ্রেণির স্নাতক ডিগ্রি।<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। | -<br>০১ (এক) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>অথবা<br>* ফ্যাশন এন্ড ডিজাইন এর উপর ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।<br>* শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার প্রাপ্য হবেন।<br>* গবেষণার অভিজ্ঞতা এবং স্বীকৃত কোনো জার্নালে প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। | ৩২০ | সর্বোচ্চ ৩৫ বৎসর |

ক্রমশ/১০

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৯৭ ইউনিট-০২ | **সহকারী অধ্যাপক (ইলেকট্রিক্যাল)** [৬ষ্ঠ গ্রেড] ০৩ [তিন] টি অস্থায়ী পদ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | ক. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ পিএইচডি ডিগ্রি;<br>অথবা<br>ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ০৪ (চার) বৎসর মেয়াদি প্রথম শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। | ০২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>অথবা<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>অথবা<br>০৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>* শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার প্রাপ্য হবেন।<br>* গবেষণার অভিজ্ঞতা এবং স্বীকৃত কোনো জার্নালে প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। | ৩০৫<br>৩০৬ | সর্বোচ্চ ৩৫ বৎসর |
| ক্রমিক নম্বর-৯৮ ইউনিট-০২ | **সহকারী অধ্যাপক (মেকানিক্যাল)** [৬ষ্ঠ গ্রেড] ০৫ [পাঁচ] টি অস্থায়ী পদ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | ক. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ পিএইচডি ডিগ্রি;<br>অথবা<br>মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ০৪ (চার) বৎসর মেয়াদি প্রথম শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। | ০২ (দুই) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা;<br>অথবা<br>০৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা;<br>* ০৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>* গবেষণার অভিজ্ঞতা এবং স্বীকৃত কোনো জার্নালে প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। | ৩১২ | সর্বোচ্চ ৩৫ বৎসর |

ক্রমশ/১১

বিডিনিয়োগ.কম হাতের মুঠোয় নিয়োগ সংক্রান্ত সকল তথ্য

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৯৯ ইউনিট-০১ | **প্রোগ্রামার** [৬ষ্ঠ গ্রেড] ০১ [এক] টি স্থায়ী পদ | খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ১.কোনো স্বীকৃত পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য; এবং<br>২. কোনো স্বীকৃত প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার হিসেবে অন্যূন ০৪ (চার) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>তবে শর্ত থাকে যে, কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ১০১ থেকে ৩৯৩; ৯৯১ থেকে ৯৯৫ | সর্বোচ্চ৩৫ বৎসর |
| ক্রমিক নম্বর-১০০ ইউনিট-০৬ | **আইন কর্মকর্তা** [৬ষ্ঠ গ্রেড] ০১ [এক] টি স্থায়ী পদ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন জননিরাপত্তা বিভাগের আওতাধীন বাংলাদেশ কোস্ট গার্ড অধিদপ্তর। | টাকা-৩৫,৫০০-৬৭,০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে অন্যূন ২য় শ্রেণির স্নাতক [সম্মান] ডিগ্রিসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি | ১. আইনজীবী হিসাবে বাংলাদেশ বার কাউন্সিলের সনদ প্রাপ্ত<br>২. আইনজীবী হিসাবে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | ১৩৪ | সর্বোচ্চ৩৫ বৎসর |

ক্রমশ/১২

বিডি নিয়োগ.কম হাতের মুঠোয় নিয়োগ-পরীক্ষার সকল তথ্য

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | <u>বয়সঃ</u> ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর ১০১ ইউনিট-০৯ | **সহকারী অধ্যাপক ০২টি (সিভিল ইঞ্জিনিয়ারিং-১টি, ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-১টি),** [৬ষ্ঠ গ্রেড] অস্থায়ী পদ | শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ | টাকা-৩৫৫০০-৬৭০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক অথবা সমমানের ডিগ্রি।<br>**অথবা**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>**অথবা**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক অথবা সমমানের ডিগ্রি এবং স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br><br>তবে শর্ত থাকে যে, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সকল স্তরে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ থাকতে হবে। | অন্যূন ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা<br><br>অন্যূন ২ (দুই) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ ৫ (পাঁচ) বৎসরের পেশাগত অভিজ্ঞতা<br><br>অন্যূন ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা<br><br>পি.এইচ.ডি ডিগ্রি এবং অন্যূন ২ (দুই) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | ৩০৩<br>৩০৬ | সর্বোচ্চ ৩৫ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |

ক্রমশ/১৩

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর- ১০২ ইউনিট-৯ | **সহকারী অধ্যাপক (নন-টেক) ০৩টি (গণিত-০১টি, পদার্থ-০১টি, রসায়ন-০১টি),** [৬ষ্ঠ গ্রেড] অস্থায়ী পদ | শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ | টাকা-৩৫৫০০-৬৭০১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর ডিগ্রি ।<br>অথবা | বিশ্ববিদ্যালয় অথবা ডিগ্রি কলেজে অন্যূন ৬ (ছয়) বৎসরের শিক্ষতার অভিজ্ঞতা | ১৩৯<br>১০৫<br>১৪৭<br>১০৪<br>১১৩<br>১০৩ | সর্বোচ্চ ৩৫ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |
| | | | | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ১ম শ্রেণি বা সমমানের স্নাতকোত্তর ডিগ্রিসহ ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>অথবা | বিশ্ববিদ্যালয় অথবা ডিগ্রি কলেজে ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | | |
| | | | | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ এম.ফিল ডিগ্রি ।<br>অথবা | বিশ্ববিদ্যালয় অথবা ডিগ্রি কলেজে অন্যূন ৬ (ছয় ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | | |
| | | | | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতেকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ পি.এইচ.ডি ডিগ্রি।<br>তবে শর্ত থাকে যে, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সকল স্তরে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকতে হবে। | বিশ্ববিদ্যালয় অথবা ডিগ্রি কলেজে অন্যূন ৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা: | | |

ক্রমশ/১৪

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.১২.২০১৯ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর-১০৩ ইউনিট-৭ | **কিউরেটর** [৭ম গ্রেড] ০১ [এক] টি অস্থায়ী পদ | মন্ত্রিপরিষদ বিভাগের তোশাখানা ইউনিট | টাকা-২৯,০০০-৬৩,৪১০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | ক. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইতিহাস বা নৃবিজ্ঞান বা প্রত্নতত্ত্ব বা সমাজবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর ডিগ্রি।<br><br>খ. শিক্ষা জীবনে কোনো পর্যায়ে তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়; | ক. কোনো স্বীকৃত দেশীয় বা আন্তর্জাতিক জার্নালে অন্যূন ০৩ (তিন) টি গবেষণা প্রকাশনা; এবং খ. জাদুঘর বা প্রদর্শনপূর্বক প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির কর্মকর্তা হিসাবে অন্যূন ৭ বৎসরের চাকরি। | ১২৬<br>১০২<br>১০৭<br>১৫৭ | সর্বোচ্চ ৪০ বৎসর |

বিডিনিয়োগ.কম সরকারি নিয়োগ পরীক্ষার সকল তথ্য

**বিশেষ দ্রষ্টব্য ঃ**

**প্রার্থীদের BPSC Form-3 এর পরিবর্তে BPSC Form-5A** (Applicant's Copy) www.bpsc.gov.bd **ওয়েবসাইট থেকে ডাউনলোড করে কমিশন কর্তৃক নির্ধারিত তারিখে জমা দিতে হবে।**

**নির্দেশাবলি ঃ**

**শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী এক বা একাধিক পদে রেজিস্ট্রেশন করা যাবে। একাধিক পদে রেজিস্ট্রেশন করলে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে।**

১. **অনলাইনে আবেদনপত্র (বিপিএসসি ফরম-5A) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় ঃ**

ক. প্রার্থীদের টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address : www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র বিপিএসসি ফরম-5A পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে Non-Cadre অপশন select করে ক্লিক করলে নন-ক্যাডার বিভিন্ন পদের বিজ্ঞপ্তি, আবেদনপত্র অনলাইনে পূরণ, sms এর মাধ্যমে ফি জমাদান ও প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলির রেডিও বাটন দৃশ্যমান হবে। ফরম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই Instructions এবং বিজ্ঞপ্তি download করে প্রতিটি নির্দেশনা ভালো করে আয়ত্ত করে নিবেন।

**খ. অনলাইনে আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ১০.১২.২০১৯ খ্রিঃ, দুপুর ১২.০০টা।**

**গ. অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ০৯.০১.২০২০ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০টা।**

**ঘ. কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ ০৯.০১.২০২০ তারিখ সন্ধ্যা ৬.০০ টা হতে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে অর্থাৎ ১২.০১.২০২০ তারিখ, সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত sms এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন।** নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না।

ক্রমশ/১৫

ঙ. বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ৭৭-১০৩ এর নন-ক্যাডার পদগুলো উচ্চতর বেতন স্কেলের (৩য়-৭ম গ্রেড)। উচ্চতর বেতন স্কেলের পদে আবেদনকারী প্রার্থীদের শুধু ১০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তবে প্রার্থী সংখ্যা অত্যাধিক হলে কমিশনের সিদ্ধান্তমতে বাছাই/লিখিত পরীক্ষা গ্রহণ করা হতে পারে। অনলাইনে রেজিস্ট্রেশনের পর প্রার্থীদের BPSC Form-5A (Applicant's Copy) কমিশনের Web Address: www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদসহ আলোচ্য বিজ্ঞপ্তির ৯ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত সংশ্লিষ্ট কাগজপত্র/তথ্যাদি **আগামী ২৬.০১.২০২০ তারিখ থেকে ৩০.০১.২০২০ তারিখের** মধ্যে নিম্নোক্ত ছকে বর্ণিত নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে ঃ

| **বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর** | **যে ইউনিট বরাবর** | **আবেদনপত্র জমাদানের ঠিকানা** |
|---|---|---|
| ৭৭, ৮৪, ৯১, ৯৫, ৯৬, ৯৭, ৯৮ | পরিচালক (ইউনিট-০২) | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা। |
| ৭৮, ৭৯, ৮২, ৮৫, ৮৬, ১০০ | পরিচালক (ইউনিট-০৬) | |
| ৮৯, ৯০, | পরিচালক (ইউনিট-১০) | |
| ৮০, ৮৮, ৯৩ | পরিচালক (ইউনিট-১১) | |
| ৮১, ৯২, ৯৪ | পরিচালক (ইউনিট-০৮) | |
| ৯৯ | পরিচালক (ইউনিট-০১) | |
| ৮৩, ১০৩ | পরিচালক (ইউনিট-০৭) | |
| ৮৭, ১০১, ১০২ | পরিচালক (ইউনিট-০৯) | |

২. **০১.১২.২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সংশ্লিষ্ট পদের বিপরীতে বিজ্ঞপ্তির ০৮ নম্বর কলামে উল্লেখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে।**

৩. **জাতীয়তাঃ**

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ. যেসকল প্রার্থী কোনো অ-বাংলাদেশি নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সেসকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। সরকারের অনুমতিপত্র লিখিত পরীক্ষার পর বিপিএসসি ফর্ম-5A এর সাথে অবশ্যই কমিশনে জমা দিতে হবে।

৪. **ডিক্লারেশন ঃ**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (বিপিএসসি ফরম-5A) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যেকোনো নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যেকোনো আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৫. **ছবি (Picture)** ঃ BPSC Form-5A সাফল্যজনকভাবে পূরণ সম্পন্ন হলে Application preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য×প্রস্থ) ৩০০×৩০০ pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ ১০০ KB এর বেশি নয় এরূপ মাপের সদ্য (দুই মাসের মধ্যে) তোলা রঙ্গীন ছবি Scan করে jpg format এ upload করতে হবে। সাদাকালো ও পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়। ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

ক্রমশ/১৬

৬. **স্বাক্ষর (Signature) ঃ** Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×80 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 60 KB এর বেশি নয়, এরূপ মাপের প্রার্থীর স্বাক্ষর Scan করে jpg format এ upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭. **পরীক্ষার ফি প্রদান ঃ**

অনলাইনে আবেদনপত্র (BPSC Form-5A) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS করে **পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা জমা দিবেন** ।

**প্রথম SMS** ঃ BPSC<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।

Example : BPSC NCRPQBCR send to 16222

Reply: Applicant's Name, Tk-500 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee Type BPSC<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS** : BPSC<space>yes<space> pin লিখে send করুন 16222 নম্বরে।

Example : BPSC YES (8 digit number) send to 16222

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for Non-cadre examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

**বিশেষ দ্রষ্টব্য ঃ** If password is lost, please type BPSC<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222. অথবা টেলিটকের বর্ণিত ওয়েবসাইটে Home page এর Admit card Menu তে ক্লিক করলে User Recovery, Password Recovery ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে।

৮. ক. **প্রবেশপত্র (Admit Card) ঃ** প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে ছবি ও রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র (Admit Card) download করতে পারবেন।

খ. বিজ্ঞাপনে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা না থাকলে কোনো প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোনো প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে Admit card পাওয়ার পর একাধিকবার অনলাইনে আবেদন ফরম জমা দিতে পারবেন না। কোনো প্রার্থী অনলাইনে আবেদন ফরম পূরণ করে ফি জমাদান সম্পন্ন করলে তার আবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। প্রার্থী মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক Admit card গ্রহণ করলে এবং প্রক্রিয়ায়ণের যেকোনো স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে। উক্ত প্রার্থী ভবিষ্যতে বিপিএসসি কর্তৃক বিজ্ঞাপিত সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং এ ধরনের প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক্রমশ/১৭

৯. **বিপিএসসি ফরম-5A (Applicant’s Copy) প্রাপ্তি ও জমাদান ঃ**

**প্রার্থীদের BPSC Form-5A (Applicant’s Copy) কমিশনের Web Address: www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে জমা দিতে হবে ঃ**

১. **শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য ঃ** শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (স্নাতকোত্তর/স্নাতক/বিএসসি/এইচএসসি/ডিপ্লোমা বা সমমানের মূল বা সাময়িক সনদ) এর সত্যায়িত ফটোকপি। মূল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের ফটোকপি গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কশিট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি অর্জিত ডিগ্রির মেয়াদ ৪ বৎসর সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্টার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে।

২. বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; “ও” লেভেল এবং “এ” লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি।

৪. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি।

৫. অভিজ্ঞতার সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি।

৭. পরীক্ষার প্রবেশপত্রের কপি।

৮. পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি ।

৯. নাগরিকত্বের সনদের সত্যায়িত কপি।

১০. রেজিস্ট্রেশনকৃত যেসকল প্রার্থী বিপিএসসি ফরম-5A (Applicant’s Copy) কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হবেন তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তারা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। বিপিএসসি ফরম-5A (Applicant’s Copy) সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পর শুধু যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১১. **প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার পূর্বে বিপিএসসি ফরম-5A (Applicant’s Copy) এর সাথে জমা দিতে হবে।**

১২. প্রার্থীকে কেবল কমিশনের অনুমোদিত অনলাইন আবেদনপত্র (BPSC Form-5A) পূরণ করে রেজিস্ট্রেশন করতে হবে। মুদ্রিত আবেদনপত্র জমাদানের কোনো সুযোগ নেই।

১৩. প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লিখা আছে অনলাইন আবেদনপত্রেও (BPSC Form-5A) ঠিক সেভাবে লিখতে হবে।

১৪. **অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5A) উল্লিখিত স্থায়ী জেলা সঠিক হতে হবে এবং উক্ত জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে প্রার্থীকে চাকুরিতে মনোনয়নের জন্য বিবেচনা করা হবে। এক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে। BPSC Form-5A** (Applicant’s Copy) **এর তথ্য সঠিক হিসেবে পরিগণিত হবে।**

১৫. **যেসকল পদের ক্ষেত্রে প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা ডিগ্রি চাওয়া হয় সে ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি থাকলেও আবশ্যিকভাবে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। ডিপ্লোমা ডিগ্রি অর্জন ব্যতিরেকে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি গ্রহণযোগ্য হবে না।**

১৬. **কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোনো মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।**

বিডিনিয়োগ.কম
হাতের মুঠোয় নিয়োগ পরীক্ষার সকল তথ্য

ক্রমশ/১৮

১৭. এই বিজ্ঞপ্তিতে যেসকল শর্ত আরোপ করা হয়েছে তা আবেদনপত্রের (BPSC Form-5A) কোনো শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোনো বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবে।

১৮. **প্রার্থীকে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে অতিরিক্ত ০১(এক) সেট বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) শিক্ষাগত যোগ্যতার সকল সনদসহ প্রয়োজনীয় সকল সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), মুক্তিযোদ্ধার প্রমাণক সংশ্লিষ্ট কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, চাকুরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), প্রবেশপত্রের কপি এবং কমিশন কর্তৃক চাহিত অন্যান্য তথ্যাদি জমা দিতে হবে। প্রত্যেক ডকুমেন্টের উপর অবশ্যই রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।**

১৯. মৌখিক পরীক্ষার বোর্ডে শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল মূল অথবা সাময়িক সনদের কপি, অভিজ্ঞতা সনদের মূলকপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জাতীয় পরিচয়পত্র (NID) অবশ্যই দাখিল করতে হবে। সরকারি/ আধাসরকারি/স্বায়ত্তশাসিত/স্থানীয় সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) এর সাথে সংযুক্ত ছাড়পত্রের ফরমে নিয়োগকারী কর্তৃপক্ষের সিল-স্বাক্ষর গ্রহণ করে এর মূল কপি এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে প্রার্থীদের নামে কোনো সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে রেজিস্ট্রেশনকালে ডাউনলোডকৃত প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে।

২০. প্রার্থীদের অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য বিপিএসসি'র ওয়েবসাইট নিয়মিতভাবে ভিজিট করতে হবে। এছাড়া কর্মকমিশন সচিবালয়ে অফিস চলাকালিন সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত ৫৫০০৬৬৫৭ এবং ৫৫০০৬৮৩৪ টেলিফোন নম্বরে যোগাযোগ করে তথ্য জানা যাবে।

২১. **নতুন পদ সৃষ্টি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি কারণে বিজ্ঞাপিত পদসংখ্যা বাড়ানো হতে পারে।**

২২. **কেন্দ্রভিত্তিক রেজিস্ট্রেশন নম্বর ঃ** প্রার্থীকে ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ কেন্দ্রের মধ্যে যেকোনো একটি কেন্দ্রের বিপরীতে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। প্রার্থী যে কেন্দ্র নির্বাচন করবেন সে কেন্দ্রের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ হতে কম্পিউটারাইজড পদ্ধতিতে প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা হবে। তবে বাছাই/লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা কেবলমাত্র ঢাকায় অনুষ্ঠিত হবে।

২৩. **বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।**

২৪. আবেদনপত্র অনলাইনে পূরণ, এসএমএস এর মাধ্যমে ফি জমাদান এবং প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলি এবং অন্যান্য পালনীয় বিষয়সমূহ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের Web address : www.bpsc.gov.bd এবং টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd এ পাওয়া যাবে।

- **শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
[যুগ্মসচিব]